

ম্যাডাম, স্যরি

ওদিকে যাবেন না ম্যাডাম  
 মুখের ওপর ওই তীক্ষ্ণ আলোটুকু ছাড়া  
 ওরা আপনাকে কিছুই দেবে না।  
 আপনি কথা শোনেননি।  
 এন.জি.ও. আর নারীবাদের বলকানিতে  
 ভেসে গেছে আপনার  
 দীর্ঘাস, ছোট ছোট কান্নার রেখা  
 স্মৃতিহীনতার পাশ দিয়ে হেঁটে  
 আপনি বিমানবন্দরে ঢুকে গেছেন।  
 যে কোনোভাবেই হোক  
 আপনাকে এন.আর.আই. ধরতে হবে।  
 আপনি পথশিশুদের মুখে  
 হাসি ফোটাতে চান।  
 আপনি জানেন, চ্যারিটি বিগিনস অ্যাট হোম  
 সেজন্যই দুর্গাবাহিনীর  
 শিশুমেষ, নারীমেধে আপনি শুধুমাত্র  
 সিগনেচার ক্যাম্পেন করেছেন।  
 আপনার সারা শরীরে  
 ভালোবাসার উল্কি।  
 অথচ এই সন্ধ্যাবেলা আপনি  
 আমার কাছে এসেছেন  
 অনেকটা কর্ণ-কুস্তি সংবাদের  
 কুস্তির মতো।  
 সন্তানের প্রাণভিক্ষা করতে আসেননি  
 শুধু বলতে এসেছেন  
 সন্তানহীন জীবনে আপনি ক্লান্ত

সু মিতাভ ঘোষাল

